

HA/PA/SA/SK	জরুরী
A/I/J	আপা প করণ
B/S/H	অতিরিক্ত পরিচালক
ডকেট নং ২০৪৪	তারিখ ২৪/৭/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dae.gov.bd



তারিখ: ২৬/০৭/২০২২

নম্বর: ১২.০১.০০০০.১১১.১১.০০১.২২. ২৪৭৬ (২০)

- ১। পরিচালক  
সরেজমিন উইং/ হার্টকালচার উইং/ প্রশিক্ষণ উইং/ উদ্ভিদ সংগনিরোধ উইং/ উদ্ভিদ সংরক্ষণ উইং,  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... (সকল) অঞ্চল,.....

বিষয়: জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১১তম গ্রেডে নিয়োগপ্রাপ্ত (নতুন) উপসহকারী কৃষি কর্মকর্তাগণের ১০ম গ্রেডে মানোন্নয়নের জন্য কর্মকালীন সময়ের হালনাগাদ তথ্য সরবরাহকরণ প্রসংগে।


সূত্র- ১। কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০৫২.১১.১২৯.১৬-৩৮২, তারিখ- ১১/০৫/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় স্মারকের প্রেক্ষিতে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/ সমমান পদধারীদের জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১১তম গ্রেডে নিয়োগপ্রাপ্ত (নতুন) উপসহকারী কৃষি কর্মকর্তাগণের ১০ম গ্রেডে মানোন্নয়নের জন্য কর্মকালীন সময়ের হালনাগাদ তথ্য ও প্রমাণকসহ কমিশনের চেকলিষ্ট অনুযায়ী নিম্নলিখিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

০১	মানোন্নয়নের জন্য প্রস্তাবিত কর্মকর্তার চাকুরি সংক্রান্ত তথ্য বিবরণী। (যথাযথ কর্তৃপক্ষের সিল ও স্বাক্ষর সম্বলিত)।
০২	বিধি অনুযায়ী প্রস্তাবিত কর্মকর্তার প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতার অফিস প্রধান কর্তৃক সত্যায়িত ফটোকপি।
০৩	প্রস্তাবিত কর্মকর্তার কর্মকালীন অথবা ৩ বছরের যেটি কম সে সময়ের হালনাগাদ বার্ষিক গোপনীয় অনুবেদন। বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য থাকলে সে বিষয়ে প্রশাসনিক চূড়ান্ত সিদ্ধান্তের সত্যায়িত কপি (এ সিদ্ধান্ত বার্ষিক গোপনীয় অনুবেদনে লিপিবদ্ধ থাকতে হবে)
০৪	প্রস্তাবিত কর্মকর্তার বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা/ ফৌজদারী মামলা/ দুদকের মামলা নেই বা ইতোপূর্বে এ ধরনের কোন মামলায় শাস্তিপ্রাপ্ত নন এ মর্মে অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র।
০৫	প্রস্তাবিত কর্মকর্তার চাকুরী সন্তোষজনক মর্মে অফিস প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।

উক্ত তথ্যাদি জবুরীভিত্তিতে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

“বিষয়টি জরুরী”


  
২৬/০৭/২০২২  
(মোঃ জয়নাল আবেদীন)  
উপপরিচালক (প্রশাসন)  
প্রশাসন ও অর্থ উইং  
পক্ষে: মহাপরিচালক  
ফোনঃ ০২-৯১২৫০৫৩

স্মারক নং- ৮২৫(৪)

তারিখঃ ২৪/৭/২০২২

কার্যার্থে অনুলিপিঃ

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী/নওগাঁ/নাটোর/টাঁপাইনবাবগঞ্জ।  
পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
২৪/৭/২২  
(মোহাম্মদ খায়ের উদ্দিন মোল্লা)  
অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)  
ফোনঃ ০২৫৮৮৮৬১৭১২